



# জনতা ব্যাংক লিমিটেড

হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট

প্রধান কার্যালয়

১১০ মতিঝিল বা/এ, ঢাকা।

[www.jb.com.bd](http://www.jb.com.bd)

২১ শ্রাবণ ১৪২৬

তারিখ: ০৫ আগস্ট ২০১৯

## সিনিয়র অফিসার পদে নিয়োগের লক্ষ্যে পুলিশ ভেরিফিকেশন রোল জমাকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

ব্যাংকার্স সিলেকশন কমিটি (বিএসসি), বাংলাদেশ ব্যাংক কর্তৃক গত ৩১ জুলাই ২০১৯ তারিখে প্রকাশিত ফলাফল অনুসারে জনতা ব্যাংক লিমিটেড-এ ১৬১ টি সিনিয়র অফিসার পদে নিয়োগের লক্ষ্যে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা জনতা ব্যাংক লিমিটেড ও বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট-এ প্রকাশিত হয়েছে।

প্রাথমিকভাবে নির্বাচিত উপর্যুক্ত প্রার্থীদের পুলিশ ভেরিফিকেশন সম্পাদনের জন্য জনতা ব্যাংক লিমিটেড-এর ওয়েবসাইট-এ [পুলিশ ভেরিফিকেশন রোল \(পিভিআর\)](#) ফরম আপলোড করা হয়েছে। [তালিকাভুক্ত প্রার্থীগণকে](#) উক্ত পিভিআর ফরম ডাউনলোড করে স্বহস্তে যথাযথভাবে পূরণ করে এর সাথে নিম্নোক্ত সত্যায়িত কাগজপত্রাদি সংযুক্ত করে "উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ১১০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০" বরাবরে আগামী ২৯ আগস্ট ২০১৯ তারিখের মধ্যে ডাকযোগে/কুরিয়ার মারফত/সরাসরি জমা করার পরামর্শ দেয়া যাচ্ছে:

- ১। রোল নম্বর, মোবাইল নম্বর এবং ই-মেইল অ্যাড্রেস উল্লেখ করে স্বহস্তে লিখিত আবেদনপত্র।
- ২। সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি।
- ৩। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
- ৪। পাসপোর্ট সাইজের সদ্য তোলা দুই কপি রঙিন ছবি।
- ৫। মুক্তিযোদ্ধা/প্রতিবন্ধী/উপজাতীয় কোটায় নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণের ক্ষেত্রে স্ব-স্ব কোটার স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রের কপি।

নির্দিষ্ট সময়ের মধ্যে পুলিশ ভেরিফিকেশন ফরম জমা প্রদানে ব্যর্থ হলে নিয়োগের জন্য তিনি অযোগ্য বলে বিবেচিত হবেন।

স্বাক্ষরিত/-

মোস্তফা ছাইফুল হক

উপ-মহাব্যবস্থাপক